অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/2/2019 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো গ্রেপ-টু-স্কুল পাইলট প্রোগ্রামের (GRAPE-TO-SCHOOL PILOT PROGRAM) কথা ঘোষণা করেছেন

দশটি স্কুলকে নিউ ইয়র্ক স্টেট জাত এবং শংসাপ্রাপ্ত (NYS Grown & Certified) কনকর্ড গ্রেপ জুস (আঙুরের রস) মেনুতে যোগ করতে হবে এবং শিক্ষামূলক কার্যকলাপ এবং স্বাদ পরীক্ষা করতে হবে

কনকর্ড আঙুর শিল্পের জন্য নতুন বাজারগুলিকে সম্প্রসারিত করতে এবং নতুন পণ্যের বিকাশকে উৎসাহিত করতে কনকর্ড গ্রেপ সামিট (Concord Grape Summit) এ উল্লিখিত লক্ষ্যগুলি পূরণ করে

গভর্নরের ফার্ম-টু-স্কুল (Farm-to-School) এবং নো স্টুডেন্ট গোজ হাংরি (No Student Goes Hungry) উদ্যোগের উপর ভিত্তি করে গঠিত

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ গ্রেপ-টু-স্কুল পাইলট প্রোগ্রামের কথা ঘোষণা করেছেন, একটি একদম নতুন ফার্ম-টু-স্কুল উদ্যোগ যা অংশগ্রহণকারী স্কুল ডিস্ট্রিক্ট এবং বোর্ডস অফ কোয়াপারেটিভ এডুকেশনাল সার্ভিসেস (Boards of Cooperative Educational Services, BOCES) প্রোগ্রামের ছাত্রছাত্রীদের নিউ ইয়র্ক-জাত কনকর্ড গ্রেপ জুসের সাথে পরিচয় করাবে। এই শিক্ষাবর্ষ শেষ হওয়ার আগে, 10টি ডিস্ট্রিক্ট তাদের মেনুতে নিউ ইয়র্ক স্টেট জাত এবং শংসাপ্রাপ্ত কনকর্ড রেপ জুস পরিবেশন করবে উপরন্তু, নিউ ইয়র্কের কৃষির উন্নতি বিধানে এবং স্কুল মেনুগুলিতে স্থানীয় উৎপাদিত দ্রব্যগুলির ব্যবহার বাড়াতে অংশগ্রহণকারী স্কুল ডিস্ট্রিক্টগুলি শিক্ষামূলক কার্যকলাপ এবং স্বাদ পরীক্ষা প্রদান করবে।

"একেবারে নতুন ধরণের এই প্রকল্প, সমগ্র স্টেটে শুধুমাত্র পুষ্টিকর, স্থানীয় উৎপাদিত কনকর্ড আঙুরকে স্কুলের বাচ্চাদের কাছেই পৌঁছে দেবে না, সেইসাথে তাদের নিউ ইয়র্কের কৃষিজাত পণ্যের শিল্প সম্পর্কে আরও শেখারও সুযোগ করে দেবে", **গভর্নর কুওমো বলেন।** "এই উদ্যোগের মাধ্যমে, স্থানীয় কৃষকরা যাতে সবথেকে উন্নত মানের পণ্য প্রদান করার জন্য কাজ করে চলেছেন তাদের সহায়তা করে আমরা স্টেটের প্রতিটি প্রত্যন্ত স্কুলগুলিতে পুষ্টিকর মেনু নিয়ে আসার প্রতিশ্রুতি পূরণ করা অব্যাহত রেখেছি।"

"কনকর্ড আঙুর নিউ ইয়র্ক স্টেটের বৈচিত্র্যময় কৃষিজ ভূচিত্রের একটি গুরুত্বপূর্ণ অংশ", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "গত বছর প্রথম কনকর্ড গ্রেপ সামিটে আমি যা উল্লেখ

করেছিলাম, আমরা সমগ্র স্টেটের আঙুর শিল্পকে সহায়তা করার উপর দৃষ্টি নিবদ্ধ করেছি। স্কুলগুলির মেনুতে কনকর্ড আঙুর যোগ করে এবং পণ্যটির উন্নয়ন তুলে ধরে এই গ্রেপ-টু-স্কুল পাইলট প্রোগ্রামটি আমাদের প্রচেষ্টাগুলিকে অব্যাহত রেখেছে। এই উদ্যোগগুলি বাজার সম্প্রসারণে সহায়তা করবে, নতুন সুযোগ সৃষ্টি করবে, এবং নিউ ইয়র্কের কৃষি ভিত্তিক অর্থনীতিকে শক্তিশালী করে তুলবে।"

এর আগে, নিউ ইয়র্ক বৃহস্পতিবারের স্থানীয় মধ্যাহ্নভোজ কর্মসূচির (NY Thursdays local lunch program) অংশ হিসাবে ফার্ম-টু-স্কুল অংশীদারেরা হামবুর্গে আরমার এলিমেন্টারি স্কুলে (Armor Elementary School) নতুন পাইলট প্রোগ্রামটি পালন করত। K-5 গ্রেডের ছাত্রছাত্রীরা, নিউ ইয়র্ক জুস কোম্পানির (New York Juice Company) দেওয়া নিউ ইয়র্ক স্টেট জাত এবং শংসাপ্রাপ্ত কনকর্ড গ্রেপ জুস, স্লেট ফুডস (Slate Foods) এর থেকে নিউ ইয়র্ক স্টেট জাত এবং শংসাপ্রাপ্ত গোমাংসের হট ডগ, মারকোয়ার্ট ফার্মগুলির (Marquart Farm) নিউ ইয়র্ক চিপস, গিনিসি ভ্যালি বিন কোম্পানির (Genesee Valley Bean Company) ব্যান্ডিট বিন এবং উত্তরের প্রত্যন্ত খামারে উৎপন্ন নিউ ইয়র্ক স্টেট জাত এবং শংসাপ্রাপ্ত দুধ সহ 100 ভাগ স্থানীয়-উৎপাদিত খাবার খেত।

পাইলট প্রোগ্রামটিতে, নিউ ইয়র্ক স্টেট কৃষি ও বাজার দপ্তর (New York State Department of Agriculture and Markets, NYSDAM), নিউ ইয়র্ক স্টেটের সহযোগী ফার্ম-টু-ইনস্টিটিউশন উদ্যোগের মাধ্যমে, আমেরিকান ফার্মল্যান্ড ট্রাস্টের (American Farmland Trust, AFT) সহযোগিতায় কাজ করছে। কনকর্ড গ্রেপ জুস পূর্ণ কাপ উৎপাদন ও মোড়কজাত করতে, ওয়েষ্টফিল্ড মেড কোয়াপারেটিভ (Westfield Maid Cooperative) এবং লং আইল্যান্ডের পানীয় প্রস্তুতকারক, নিউ ইয়র্ক জুস কোম্পানি একসাথে কাজ করছে।

যে সমস্ত ডিস্ট্রিক্ট গ্রেপ-টু-স্কুল পাইলট প্রোগ্রামে অংশগ্রহন করছে তারা হল:

- বেকন সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্ট (Beacon Central School District), বেকন সিটি, ডাচেস কাউন্টি
- বাফেলো পাবলিক স্কুল, বাফেলো সিটি, এরি কাউন্টি
- হামবুর্গ সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্ট (Hamburg Central School District,), হামবুর্গ টাউন, এরি কাউন্টি
- মেইনি এন্ডওয়েল সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্ট (Maine Endwell Central School District), ব্রুমি কাউন্টি
- অনেইডা-হারকিমের-ম্যাডিসন BOCES, অনেইডা, হারকিমের, এবং ম্যাডিসন কাউন্টি
- দ্যা রিনেসেন্স চার্টার স্কুল (The Renaissance Charter School), কুইন্স
- স্কহেরি সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্ট (Schoharie Central School District) টাউন অফ স্কহেরি, স্কহেরি কাউন্টি
- সিডনি সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্ট (Sidney Central School District), সিডনি টাউন, দেলাওয়ার কাউন্টি
- হোয়াটসবোরো সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্ট (Whitesboro Central School District), ভিলেজ অফ হোয়াটসবোরো, অনিয়েডা কাউন্টি

- উইন্ডসোর সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্ট (Windsor Central School District), উইন্ডসোর টাউন, ব্র্যুম কাউন্টি

নিউ ইয়র্ক জুস কোম্পানি এবং ওয়েস্টফিল্ড মেড, নিউ ইয়র্কের প্রথম নিউ ইয়র্ক স্টেট জাত এবং শংসাপ্রাপ্ত জুস প্রক্রিয়াকারী, সমগ্র স্টেটের আরও 65টিরও বেশি স্কুল ডিস্ট্রিক্টগুলিতে কনকর্ড গ্রেপ জুস পূর্ণ জুসের কাপ সরবরাহ করছে। জুস ক্রয় স্কুলগুলিকে তাদের খাদ্যের 30% স্থানীয় উৎস থেকে ক্রয় করার লক্ষ্য পূরণে সহায়তা করবে যাতে তারা উচ্চতর স্কুল লাঞ্চ রিইমবার্সমেন্ট হারগুলির জন্য যোগ্যতা লাভ করতে পারে।

চার-আউন্সের জুসের কাপগুলি একটি নতুন "গ্রোয়িং গ্রেপ (Growing Grape)" ফ্লেভার দিয়ে পূরণ করা হয়েছে। প্রতিটি কাপের উপর প্রদর্শিত নিউ ইয়র্ক স্টেট জাত এবং শংসাপ্রাপ্তর সিলমোহর, গ্রাহকদের বুঝিয়ে দেয় যে আঙুরগুলি নিউ ইয়র্কের কৃষকদের দ্বারা উৎপাদিত, যে কৃষকরা খাদ্য সুরক্ষার উচ্চ মান পূরণ করতে এবং পরিবেশগত দায়িত্ব পালনে অঙ্গীকারবদ্ধ।

কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেছেন, "আমরা, নিউ ইয়র্কের স্টেটের কৃষিতে গভর্নর কুওমোর, সেইসাথে খাদ্য ও পানীয় শিল্পগুলির সমর্থনের প্রশংসা করি এবং আমাদের স্কুলগুলি আমাদের স্কুলের বাচ্চাদের জন্য তাজা, পুষ্টিকর নিউ ইয়র্ক-জাত কনকর্ড আঙুর নিয়ে আসছে দেখে আমরা অত্যন্ত আনন্দিত। কনকর্ড আঙুর উৎপাদনে নিউ ইয়র্ক দেশের মধ্যে দ্বিতীয় এবং এই পাইলট প্রোগ্রাম, আমাদের ছাত্রছাত্রীদের কোথা থেকে তাদের খাবার আসে শুধু সে সম্পর্কেই শিক্ষিত করে তুলবে না, সেইসাথে আমাদের উৎপাদনকারী ও প্রস্তুতকারীদের সাথে নতুন উপভোক্তাদের সংযোগ সাধন করে আমাদের কৃষিভিত্তিক শিল্পে কনকর্ড আঙুরের গুরুত্ব তুলে ধরতেও সহায়তা করবে।"

সেনেটর জেন মেজগার, সেনেট এগ্রিকালচার কমিটির (Senate Agriculture Committee) সভাপতি, বলেছেন, "ফার্ম-টু-স্কুল প্রকল্পের একজন আগ্রহী প্রবক্তা হিসাবে, এই পাইলট প্রোগ্রাম স্থানীয়ভাবে-প্রস্তুত কনকর্ড গ্রেপ জুসকে নিউ ইয়র্কের আশেপাশের স্কুলগুলিতে পরিবেশিত হতে দেখে আমি রোমাঞ্চিত। নিউ ইয়র্কের খামার ও কৃষকদের সহায়তা করার সাথে সাথে ছাত্রছাত্রীদের স্বাস্থ্যকর এবং সুস্বাদু পানীয় প্রদান করে এই প্রকল্পটি দুভাবে উপকার করছে।"

বিধানসভা কৃষি কমিটির (Assembly Agriculture Committee) সভাপতি ডোনা লুপারডো বলেছেন, "দ্যা গ্রেপ-টু-স্কুল পাইলট প্রোগ্রাম হল আমাদের সফল ফার্ম-টু-স্কুল প্রকল্পের একটি স্বাভাবিক সম্প্রসারণ। এই ব্রুম কাউন্টি সহ সমগ্র স্টেটের ছাত্রছাত্রীরা, নিউ ইয়র্ক-জাত এবং শংসাপ্রাপ্ত গ্রেপ জুস পান করবে জেনে ভালো লাগছে। একটি পুষ্টিকর, স্থানীয়ভাবে-প্রক্রিয়াকৃত পানীয় পান করার সাথে সাথে তারা জানবে যে নিউ ইয়র্ক দ্বিতীয় বৃহত্তম কনকর্ড আঙুর উৎপাদক। এটি আমাদের কনকর্ড আঙুর শিল্পের জন্য নতুন বাজার এবং নতুন পণ্য খোঁজার অবিরাম প্রচেষ্টার একটি অংশ।"

আমেরিকান ফার্মল্যান্ড ট্রাস্ট নিউ ইয়র্ক স্টেট ডেপুটি ডিরেক্টর এরিকা গুডম্যান বলেছেন, "নিউ ইয়র্ক স্টেট কৃষি দপ্তরের সাথে সহযোগিতা করতে পেরে এবং নিউ ইয়র্কের আঙুর উৎপাদকদের জন্য একটি বাজার উন্মুক্ত করে, আমাদের স্টেটের K-12 স্কুলগুলিতে কনকর্ড গ্রেপ জুস নিয়ে

আসার বিপণন করতে পেরে আমরা অত্যন্ত আনন্দিত। স্কুলের ছাত্রছাত্রীদের শিক্ষা দিতে সহায়তা করে এবং নিউ ইয়র্কে উৎপন্ন আরও বিভিন্ন খাদ্যের সাথে তাদের পরিচয় করাতে সক্ষম করে তোলা, স্থানীয় অর্থনীতিতে খাদ্য থেকে উপার্জিত ডলার কিভাবে নিউ ইয়র্কের কৃষকদের সহায়তা করে তার একটি প্রকৃষ্ট উদাহরণ।"

অ্যানি রিচ, হামবুর্গ স্কুলগুলির খাদ্য ও পুষ্টির ডিরেক্টর, বলেছেন, "আমাদের ছাত্রছাত্রীদের আরও একটি সুস্বাদু খাদ্য পরিবেশন করার জন্য আমরা অত্যন্ত কৃতজ্ঞ! বাচ্চারা কোন খাবারটা পছন্দ করে এবং কোনটি স্বাস্থ্যকর এবং বাচ্চার পুষ্টির নির্দেশিকাগুলি পূরণ করে তার মধ্যে সামঞ্জস্য রাখা প্রায়শই কঠিন হয়ে পড়ে। নিউ ইয়র্ক স্টেট কনকর্ড গ্রেপ জুস ঠিক সেটাই করেছে! এবং গভর্নর কুওমোর নো স্টুডেন্ট গোজ হাংরি (কোনো ছাত্রছাত্রী ক্ষুধার্ত থাকবে না) প্রকল্পে যে লক্ষ্য রাখা হয়েছে গ্রেপ-টু-স্কুল শিশুর পুষ্টি কর্মসূচি সমগ্র স্টেট জুড়ে সেই লক্ষ্য পূরণে সহায়তা করছে। এই অসাধারণ ফার্ম-টু-স্কুল প্রোগ্রাম থেকে প্রত্যেকে সুবিধা পাবে, - ছাত্রছাত্রী, শিশু পুষ্টি কর্মসূচি, ডিস্ট্রিবিউটরগণ এবং নিউ ইয়র্ক স্টেটের কৃষকেরা। গ্রেপ-টু-স্কুল কে বাস্তবায়িত করতে সহায়তা করেছে এমন সকলকে ধন্যবাদ!"

নিউ ইয়র্ক জুস কোম্পানির প্রেসিডেন্ট মাইক পুন্টিলো বলেছেন, "নিউন ইয়র্ক স্টেট কৃষি ও বাজার দপ্তর (NYSDAM), ওয়েষ্ট মেড কোয়াপারেটিভ (Westfield Maid Cooperative) এবং আমেরিকান ফার্মল্যান্ড ট্রাস্টের (American Farmland Trust) সাথে উৎপাদন এবং শংসাপ্রাপ্ত প্রোগ্রামে কাজ করতে পেরে আমরা আনন্দিত। আমাদের লক্ষ্য হল স্বাস্থ্যকর উপাদান দিয়ে তৈরি স্থানীয় পণ্য উৎপন্ন করা, যা প্রতিযোগিতামূলক বাজারে অর্থনৈতিকভাবে সুবিধাজনক। উৎপাদন ও শংসাপ্রাপ্ত প্রোগ্রামে তাদের দায়বদ্ধতার জন্য এবং এই পাইলট প্রোগ্রামটিকে সম্ভব করে তোলার জন্য আমি আঙুর উৎপাদক, খাদ্য পরিষেবা ডিরেক্টর এবং আমাদের ডিস্ট্রিবিউটর, সিসকো ফুডকে (Sysco Foods) ধন্যবাদ জানাই। নিউ ইয়র্ক জুস কোম্পানি নিউ ইয়র্ক স্টেটে এবং দেশের বিভিন্ন স্থানে উচ্চ-মানের উপাদান, নিরাপদ মোড়ক, এবং স্থানীয়ভাবে-প্রক্রিয়াকৃত জুস পৌঁছে দেওয়া অব্যাহত রাখবে।"

ওয়েষ্টফিল্ড মেড কোয়াপারেটিভ সেলস লিড এবং বোর্ড সদস্য অ্যান্ডি পুটনাম বলেছেন, "আমাদের নিউ ইয়র্ক স্টেট জাত এবং শংসাপ্রাপ্ত কনকর্ড গ্রেপ জুস পানীয় স্কুলের মধ্যাহ্ন ভোজন কর্মসূচিতে নিয়ে আসতে সহায়তা করার জন্য ওয়েষ্টফিল্ড মেড কোয়াপারেটিভ নিউ ইয়র্ক স্টেটের সমর্থনের জন্য আনন্দিত ও কৃতজ্ঞ। গত বছরে ওয়েষ্টফিল্ডের কনকর্ড গ্রেপ সামিটের সময় প্রথম যেভাবে আলোচনা করা হয়েছিল, নিউ ইয়র্ক স্টেটের স্কুলের বাচ্চাদের খাদ্য নিরাপত্তার নিশ্চয়তা প্রদান করতে, উন্নত মানের, নিউ ইয়র্ক স্টেট জাত এবং শংসাপ্রাপ্ত খামারের পণ্য সরবরাহ করতে, এই পণ্যগুলি এবং অস্থানীয় উৎপাদিত বিকল্পগুলির মধ্যে মানের পার্থক্য সম্পর্কে তাদের শিক্ষিত করে তুলতে, এবং স্টেটের সামগ্রিক সর্বোত্তম অর্থনৈতিক স্বার্থ উন্নীত করা নিউ ইয়র্ক স্টেটের স্কুলগুলির জন্য গুরুত্বপূর্ণ। নিউ ইয়র্ক স্টেটের প্রত্যেক K-12 ছাত্রছাত্রীকে যে নিয়মিতভাবে কনকর্ড গ্রেপ জুস পরিবেশন করা হবে এর সম্ভাবনা সম্পর্কে আমরা অত্যন্ত আনন্দিত যেহেতু এটি সরাসরি লেক এরি কনকর্ড গ্রেপ উৎপাদন অঞ্চল থেকে আসছে। এই ফার্ম-টু-স্কুল প্রকল্প আমাদের মহান স্টেটের এই অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং ব্যতিক্রমী সুন্দর কৃষিভিত্তিক অঞ্চলের সবসময়ের প্রাণোচ্ছলতা রক্ষা করার ক্ষেত্রে সত্যিই একটু আলাদা ধরণের।"

গ্রেপ-টু-স্কুল পাইলট প্রোগ্রামটি, টেস্ট নিউ ইয়র্ক (Taste NY) এবং নিউ ইয়র্ক স্টেট গ্রোন এবং সার্টিফায়েড (NYS Grown & Certified) এর মতো, স্টেটের ফার্ম-টু-স্কুল প্রোগ্রাম, গভর্নরের নো চাইল্ড গোজ হাংরি উদ্যোগের উপর ভিত্তি করে তৈরি, যা সমগ্র নিউ ইয়র্ক স্টেট জুড়ে স্থানীয় খাদ্য ও পানীয় ক্রয়কে উৎসাহিত করে।

প্রোগ্রামটি নিউ ইয়র্কের কনকর্ড আঙুর শিল্পের জন্য নতুন বাজারের সম্প্রসারণ করে এবং সৃজনশীল নতুন কনকর্ড আঙুরের পণ্যগুলি তৈরি করার মাধ্যমে 2018 সালে স্টেটের কনকর্ড গ্রেপ সামিটে উল্লিখিত লক্ষ্যগুলিও পূরণ করে। সামিটটির ফলস্বরূপ এই কৃষি খাতে খামার ও ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলির সুযোগ বৃদ্ধি করতে এই নতুন বিপণন কৌশলগুলি সহ বিভিন্ন সৃজনশীল পদক্ষেপ ঘোষণা করা হয়েছে। রোগমুক্ত গাছ লাগানো নিশ্চিত করতে একটি আঙুরগাছ শংসায়নের প্রোগ্রাম; কনকর্ডগুলিকে ব্যবহার করে নতুন ফুড সায়েন্স রিসার্চ ও নতুন পণ্যের বিকাশকে সমর্থন করা; রপ্তানীর সুযোগ এবং দেশের মধ্যে এবং আন্তর্জাতিক বাণিজ্যের প্রদর্শনীগুলিতে আঙুর শিল্পের উপস্থিতি বৃদ্ধির উপর কর্মশালার আয়োজন; এবং টেস্ট নিউ ইয়র্ক অভিবাদন কেন্দ্র এবং বৃহত্তর নিউ ইয়র্ক স্টেট ফেয়ারে কনকর্ড আঙুর প্রদর্শন সহ এই উদ্যোগগুলির অনেকগুলিই সম্পূর্ণ হয়েছে।

সমগ্র অঞ্চল বরাবর প্রায় 30,000 একর আঙুরের খেত সহ, নিউ ইয়র্ক স্টেট হল দেশের মধ্যে দ্বিতীয় বৃহত্তম কনকর্ড আঙুর উৎপাদক। বেশিরভাগটা, 18,000 একরেরও বেশি, নিউ ইয়র্ক স্টেটে। বিভিন্ন ধরণের কনকর্ড, আঙুরের রস, জেলি এবং মার্মালেডস ও ওয়াইন সহ বিভিন্ন ভ্যালু-অ্যাডেড পণ্যে ব্যবহৃত হয়।

আমেরিকান ফার্মল্যান্ড ট্রাস্ট সম্পর্কে

আমেরিকান ফার্মল্যান্ড ট্রাস্ট হল একমাত্র জাতীয় সংস্থা যা কৃষিজমি, ওই জমিতে ব্যবহৃত কৃষি পদ্ধতি, এবং যে কৃষক ও খামারের মালিক কাজটি করেন তাদের উপর ফোকাস করে কৃষির উপর একটি সার্বিক পদক্ষেপ নেয়। AFT কৃষি সংরক্ষণ আন্দোলনের সূচনা করেছিল এবং আমাদের খেত না থাকলে খাবার পাবেন না (No Farms, No Food) বার্তার মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধি করা অব্যাহত রেখেছে। 1980 সালে এটি স্থাপিত হওয়ার পর থেকে, AFT 6.5 মিলিয়ন একরের বেশি কৃষিজমিকে স্থায়ীভাবে সুরক্ষিত করেছে, অতিরিক্ত লক্ষাধিক একরে পরিবেশ-বান্ধব কৃষি পদ্ধতি প্রয়োগ করেছে, এবং সহস্রাধিক কৃষক ও খামার পরিবারকে সহায়তা করেছে। সমগ্র নিউ ইয়র্কের প্রতিষ্ঠানগুলিতে যে খাদ্য সরবরাহ করা হয় স্থানীয় ক্ষেতগুলিতে সেই খাদ্য উৎপাদনের পরিমাণ নাটকিয়ভাবে বৃদ্ধি করতে, ফার্ম টু ইনস্টিটিউশন নিউ ইয়র্ক স্টেট (Farm to Institution New York State, FINYS) হল আমেরিকান ফার্মল্যান্ড ট্রাস্ট দ্বারা পরিচালিত একটি সহযোগিতামূলক উদ্যোগ।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন